



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০২১/

তারিখ-১৩/০৪/২০২১খ্রিঃ।

প্রাপক

নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ বিভাগ)
ওজোপাড়িকো লিঃ
চুয়াডাঙ্গা।

বিষয় : পবিত্র রমজান মাসে পরিমিত ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগত করা যাচ্ছে যে, চুয়াডাঙ্গা পৌর এলাকায় নিম্ন লিখিত সময়ানুযায়ী ১২ (বার)টি পানির পাম্পের সাহায্যে গ্রাহকদের মধ্যে পানি সরবরাহ করা হয়।

পানি ছাড়ার সময় : সকাল ৬.০০-৯.০০টা, দুপুর : ১২.৩০-২.৩০টা, বিকাল : ৫.০০-৬.৩০ এবং সাহরী : ৩.১৫-৪.০০পর্যন্ত।

পাম্পের অবস্থান : হাজারাহাটি ফিডারে-৫টি, হাসপাতাল ফিডারে- ৫টি, কলেজ ফিডারে-১টি এবং বিজিবি ফিডারে-১টি। বর্তমানে লো-ভোল্টেজের কারণে দুপুরে এবং বিকালে সকল পাম্প একযোগে চালানো সম্ভব হচ্ছে না। তাছাড়াও সকাল এবং বিকালে কোন কোন পাম্প লো-ভোল্টেজের কারণে চালানো সম্ভব হচ্ছে না। বারংবার লো-ভোল্টেজ এর কারণে পানি সরবরাহে বিঘ্ন ঘটায় জনমনে পৌরসভার উপর অসন্তোষ সৃষ্টি হচ্ছে। যাহা আদৌ কাম্য নয়। পৌরসভার স্থাপিত পাইপ লাইনগুলি একে-অপরের সাথে সম্পর্কযুক্ত ফলে সকল পাম্প এক সাথে চালু না করলে পরিমিত ভাবে পানি সরবরাহ হয়না।

এমতাবস্থায় জনস্বার্থে পবিত্র রমজান মাসে পানির সিডিউল টাইমে পরিমিত ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহের কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০২১/ ১২২/১৫৬

তারিখ-১৩/০৪/২০২১খ্রিঃ।

■ অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ২। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর।
- ৪-১৫। সকল, কাউন্সিলর, চুয়াডাঙ্গা পৌরসভা।
- ১৬। অফিস কপি।

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।